



০০০০০০০ ০০০০০

০০০০০ ০০০০০০০ ০ ০০০০০০০০ ০০০০০০

Job Category: Security/Protective Services

Job Source: ০০০০০ ০০০০০০ ০০০০

## Job Summary

Posted On: 11 Jan 2025

Application Deadline: 6 Feb 2025



বিজ্ঞানমনস্ক জাতি গঠনে প্রতিশ্রুতিবদ্ধ  
জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর  
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়  
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭  
www.nmst.gov.bd



নম্বর: ৩৯.০৩.০০০০.০০৯.১১.০০১.২৩.১২

তারিখ: ২৫ পৌষ ১৪৩১ বঙ্গাব্দ  
০৯ জানুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

## নিয়োগ বিজ্ঞপ্তি

জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের রাজস্ব খাতের আওতায় নিম্নোক্ত শূন্য পদসমূহে অস্থায়ীভাবে নিয়োগের জন্য বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| ক্রমিক | পদের নাম       | পদ সংখ্যা | বয়সসীমা | বেতনস্কেল                  | শিক্ষণত যোগ্যতা   | যে সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন |
|--------|----------------|-----------|----------|----------------------------|---|---|
| ১.     | অফিস সহায়ক    | ১         | ১৮-৩২    | ৮২৫০-২০০১০/-<br>(গ্রেড-২০) | অষ্টম শ্রেণী উত্তীর্ণ বা সমমানের শিক্ষণত যোগ্যতাসহ<br>স্থায়ী স্থায়ের অধিকারী হতে হবে। | সকল জেলা                                |
| ২.     | গ্যালারী গার্ড | ১         | ১৮-৩২    | ৮২৫০-২০০১০/-<br>(গ্রেড-২০) | অষ্টম শ্রেণী উত্তীর্ণ বা সমমানের শিক্ষণত যোগ্যতাসহ<br>স্থায়ী স্থায়ের অধিকারী হতে হবে। | সকল জেলা                                |

### আবেদনের শর্তাবলী:

- আবেদনপত্র গ্রহণের শেষ তারিখ: ০৬ ফেব্রুয়ারি ২০২৫;
- আবেদনপত্র ডাকযোগে মহাপরিচালক, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭ বরাবর আগামী ৩০ জানুয়ারি ২০২৫ তারিখ অফিস সময়ের মধ্যে পৌঁছাতে হবে। সরাসরি দাখিলকৃত কোন আবেদনপত্র এবং নির্ধারিত তারিখ উত্তীর্ণের পর ডাকযোগে বা অন্য কোনভাবে প্রাপ্ত আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না;
- সরকার নির্ধারিত চাকুরির আবেদন ফরমে আবেদন দাখিল করতে হবে। আবেদন ফর্মের নমুনা এ অফিসের Website: www.mopa.gov.bd থেকে ডাউনলোড করা যাবে বা অফিসের নোটিশ বোর্ডে পাওয়া যাবে;
- আবেদনপত্রের খামের উপরে ডানপাশে পদের নাম উল্লেখ করতে হবে এবং আবেদনপত্রের সাথে প্রার্থীর যোগাযোগের ঠিকানা উল্লেখপূর্বক ১০.০০ টাকা মূল্যের অব্যবহৃত ডাকটিকেট সংযুক্ত ৯.৫ ইঞ্চি x ০৪ ইঞ্চি পরিমাপের একটি ফেরত খাম নিতে হবে;
- প্রার্থীর বয়সসীমা ৩০ জানুয়ারি ২০২৫ তারিখে ১৮-৩২ বৎসরের মধ্যে হতে হবে। বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়;
- নিয়োগ বিষয়ে সরকারি নিয়মাবলী এবং সরকারের সর্বশেষ জারীকৃত পরিপত্র/নীতিমালা অনুসরণ করা হবে;
- সরকারি/আধাসরকারি সংস্থায় চাকুরির প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। অগ্রিম কপি গ্রহণযোগ্য নয়;
- আবেদনপত্রের সাথে বাংলাদেশের যেকোন তফসিলি ব্যাংক থেকে মহাপরিচালক, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর, ঢাকা-এর অনুকূলে প্রার্থীদের ৫০/- (পঞ্চাশ) টাকার অফেরতযোগ্য ব্যাংক ড্রাফট/পে-অর্ডার জমা দিতে হবে। এছাড়া পাসপোর্ট আকারের ৩ (তিন) কপি ছবি ব্যতীত আর কোন কাগজপত্র আবেদনের সাথে সংযুক্ত করতে হবে না;
- অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে;
- নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না;
- মৌখিক পরীক্ষার সময় জাতীয় পরিচয়পত্রসহ সর্বমুঠ সকল সনদপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে এবং সকল সনদপত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। এছাড়া জেলায় স্থায়ী বাসিন্দার প্রমাণপত্র হিসেবে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ ও জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি প্রদান করতে হবে। চাকুরির প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র দাখিল করতে হবে;
- নিয়োগ সংক্রান্ত বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

উল্লেখ্য, ইতোপূর্বে ৫ মে ২০২৪ তারিখের ৩৯.০৩.০০০০.০০৯.১১.০০১.২৩.৩২২৭ স্মারকে দৈনিক পত্রিকায় প্রকাশিত বিজ্ঞপ্তির পরিপ্রেক্ষিতে যে সকল প্রার্থী অফিস সহায়ক ও গ্যালারী গার্ড পদে আবেদন করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।

পিএফ-১৭৪৬-৩২/২৫ (৫" x ৪)

১০০০০০

০৯-০১-২০২৫

মোহাম্মদ আব্দুল কালাম আজাদ  
উপ-পরিচালক।